# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

নং-বিএসইসি/এনফোর্সমেন্ট/৩৩৪০/২০২২/ ১৪৯০ তারিখঃ নভেম্বর ১৬, ২০২২

মোহাম্মদ হামদুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক/সিইও
ব্যাংকো ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিঃ
শেফালী কমপ্লেক্স (৪র্থ তলা)
২১৮/৩/এ, পশ্চিম কাফরুল, বেগম রোকেয়া স্বরনী
শের-ই-বাংলা নগর,ঢাকা-১২০৭

বিষয়: আদেশ।

কমিশনের আদেশ নং-বিএসইসি/এনফোর্সমেন্ট/৩৩৪০/২০২২/১৪৮৯ তারিখঃ নভেম্বর ১৬, ২০২২ ইং আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদ্সংগে সংযুক্ত করা হলো।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে

M. Zub

মোঃ ইউসুফ ভূইয়া
অতিরিক্ত পরিচালক
ফোন: ৮৮০২৪৪৮২৬৫৩৯
ই-মেইল: yusuf@sec.gov.bd

অবগতির জন্য অনুলিপি:

১। নির্বাহী পরিচালক, আইন, বিএসইসি।
২। নির্বাহী পরিচালক, এসআরআই, বিএসইসি।
৩। নির্বাহী পরিচালক, এমআইএস, বিএসইসি।
৪। নির্বাহী পরিচালক, এনফোর্সমেন্ট, বিএসইসি
৫। চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিএসইসি

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


**বিএসইসি/এনফোর্সমেন্ট/৩৩৪০/২০২২/ ১৪৮৯** **তারিখঃ নভেম্বর ১৬, ২০২২**

<u>আদেশ</u>

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 (ORDINANCE No. XVII of 1969) এর Section 2(cc) মোতাবেক 'Commission' অর্থ Bangladesh Securities and Exchange Commission যা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সালের ১৫ নং আইন) এর ক্ষমতাবলে প্রতিষ্ঠিত (অত:পর "কমিশন" বলে উল্লিখিত);

যেহেতু, কমিশনের আদেশ নং বিএসইসি/এসআরআই/এমবি-৪০/২০০৯/১৩৫২ তারিখ: জানুয়ারি ২৬, ২০২২, এর মাধ্যমে একটি তদন্ত কমিটি গঠিত হয় এবং উক্ত তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী findings and violations নিম্নরূপ:

**1. Allowing relatives of Mr. Mohammad Hamdul Islam to hold Placement Shares:**

"The enquiry team collected the prospectuses of the companies where Banco Finance and Investment Limited acted as the issue manager and found that the relatives of Mr. Mohammad Hamdul Islam, Managing Director of Banco Finance and Investment Limited including his wife, brother, sister, husband of sister and father-in-law held 56 lac 45 thousand shares of **four companies** in the following manner:

| Sl. No. | Name | Relationship with Mr. Mohammad Hamdul Islam | Name of Company | No. of Shares | Total No. of shares | Market Price of shares as on 21.04.2022 (Tk.) |
|---|---|---|---|---|---|---|
| 1 | Shahida Arabi | Wife | Nahee Aluminum | 5,20,000 | 5,20,000 | 3,71,80,000 |
| 2 | Abdus Sultan | Father-in-law | BBS Cables | 4,00,000 | 13,25,000 | 2,29,20,000 |
| | | | Sea Pearl Beach Resort | 2,00,000 | | 94,80,000 |
| | | | Taufika Foods | 7,25,000 | | 3,03,77,500 |
| 3 | Kazi Amdadul Hoque | Husband of sister | BBS Cables | 3,00,000 | 13,60,000 | 1,71,90,000 |
| | | | Taufika Foods | 10,60,000 | | 4,44,14,000 |
| 4 | Md. Saiful Islam Helaly | Brother | Taufika Foods | 10,45,000 | 13,45,000 | 4,37,85,500 |
| | | | BBS Cables | 3,00,000 | | 1,71,90,000 |
| 5 | Hosne Ara Begum | Sister | Taufika Foods | 10,95,000 | 10,95,000 | 4,58,80,500 |
| | | | | **Total** | **56,45,000** | **26,84,17,500** |

Mr. Mohammad Hamdul Islam in his interview before the enquiry team agreed that his aforementioned relatives held the shares of the said companies and also submitted a list of the shares held by his relatives.

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

As per Rule 3(2)(d) of the Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015 (replaced by the Notification No. BSEC/CMRRCD/2003-109/200/admin/ dated 18 June, 2017, published in Bangladesh Gazette on 06 July 2017):

**"the issue manager or any of its connected persons is in no way connected with the issuer or any of its connected person nor does hold any securities thereof"**

As per interview and relevant documents, it is evident that Mr. Mohammad Hamdul Islam have violated Rule 3(2)(d) of the Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015 by allowing relatives of Mr. Mohammad Hamdul Islam, Managing Director of BFIL to hold shares of **Nahee Aluminum Composite Panel Limited, Sea Pearl Beach Resort and Spa Limited and Taufika Foods & Agro Industries Ltd.** while Banco Finance and Investment Limited was acting as the issue manager of the said companies.

**Contravention:** Mr. Mohammad Hamdul Islam, Managing Director of Banco Finance and Investment Limited (BFIL) have violated Rule 3(2)(d) of the Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015 by allowing relatives of the Managing Director to hold shares of those companies where Banco Finance and Investment Limited acted as the issue manager.

## 2. Allowing margin facility to the relatives of the Managing Director:

It is observed that BO A/Cs of the aforementioned individuals (wife, brother, sister, husband of sister and father-in-law of Mr. Mohammad Hamdul Islam) were opened in Banco Finance and Investment Limited.

| Sl No. | Name | Relationship with Mr. Mohammad Hamdul Islam | Client Code | Period | End Balance (TK) |
|---|---|---|---|---|---|
| 1 | Md. Abdus Sultan | Father-in-law | I287 | 30/09/2017-07/11/2017 | -113,380.49 |
| | | | | 31/12/2017-04/01/2018 | -187,034.62 |
| | | | | 25/04/2018-19/06/2018 | -1,256,822.59 |
| 2 | Md. Saiful islam Helaly | Brother | I312 | 10/03/2020-12/03/2020 | -224,099.30 |
| 3 | Kazi Amdadul Haque | Husband of Sister | I307 | 03/09/2017 | -4,773.95 |
| | | | | 11/12/2017-24/12/2017 | -983.46 |
| 4 | Hosne Ara Begum | Sister | I496 | 02/02/2021-07/12/2021 | -950.00 |

As per দফা ১ of তফসিল mentioned in বিধি ৩৬ of সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬:



Fax : +88-02-55007106 E-mail :

"…..মার্চেন্ট ব্যাংকার (পোর্টফোলিও ম্যানেজার) নিজস্ব প্রতিষ্ঠানের পরিচালক পর্ষদের সদস্য, ব্যবস্থাপনায় নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারী, তাহাদের পিতা, মাতা, স্বামী, স্ত্রী, পুত্র, কন্যা, ভাই, বোন, জামাতা, পুত্রবধূ, এবং কমিশন কর্তৃক সময়ে সময়ে নির্দেশিত অন্যান্য আত্মীয়কে মার্জিন ঋণ সুবিধা প্রদান করিতে পারিবে না।"

It is evident from the ledger statements that Mr. Mohammad Hamdul Islam and Banco Finance and Investment Limited have violated দফা ১ of তফসিল mentioned in বিধি ৩৬ of সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ by allowing margin facilities to the relatives of the Managing Director including his brother Md. Saiful Islam Helaly and sister Hosne Ara Begum.

**Contravention:** দফা ১ of তফসিল mentioned in বিধি ৩৬ of সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ by allowing margin facilities to the relatives of the Managing Director.

3. **Mr. Mohammad Hamdul Islam has not communicated with the enquiry team after returning from India:**

Mentionable here that Mr. Mohammad Hamdul Islam vide letter NO. BFIL/Enquiry/2022/09 dated March 22, 2022 informed the enquiry team that he would go to India along with his wife for medical purposes and stay there for about 20 working days. **But he has not contacted or communicated with the enquiry team after returning from India.**

Whereas, the aforesaid activities of non-compliance of securities laws appeared to be deliberate and clear contravention of the above stated laws attracts penal provision of Section 22 of the Securities and Exchange Ordinance, 1969 and ধারা ১৮ of বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩;

যেহেতু, কমিশন উপরোল্লিখিত প্রতিবেদন অনুযায়ী সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার জন্য Md.Hamdul Islam এর বরাবরে একটি show-cause-cum-hearing notice সূত্র নং- BSEC/Enforcement/৩৩৪০/২০২২/১০৯৬ তারিখ: আগস্ট ১১, ২০২২ প্রেরণ করে এবং সেপ্টেম্বর ১১, ২০২২ তারিখে শুনানীর দিন ধার্য করে। ধার্যকৃত তারিখে Md.Hamdul Islam তাঁর সেপ্টেম্বর ১১, ২০২২ তারিখের পত্র সূত্র- এর মাধ্যমে লিখিত বক্তব্য দাখিল করেন। যাতে অন্যান্যের মধ্যে, নিম্নোক্ত বিষয়গুলির উল্লেখ আছে:-

"আমি মোহাম্মদ হামদুল ইসলাম, Banco Finance and Investment Limited নামক Merchant Bank এ MD & CEO হিসেবে কর্মরত আছি এবং এই প্রতিষ্ঠান বিগত কয়েক বছরে দেশের স্বনামধন্য কয়েকটি কোম্পানীর Initial Public Offering (IPO) এর ক্ষেত্রে Issue Manager হিসেবে দায়িত্ব পালন করেছে। বর্তমানে সে সকল কোম্পানীগুলো সুনামের সহিত তাদের ব্যবসা পরিচালনা করছে এবং বিনিয়োগকারীদের আর্কষনীয় হারে Dividend দেওয়ার পাশাপাশি দেশের উন্নয়ন ও কর্মসংস্থানে উল্লেখযোগ্য অবদান রেখে চলেছে । Banco Finance and Investment Limited যে সকল কোম্পানীর IPO এর কাজ করেছে তা নিম্নরূপ :

| Name of Company | Offer Price | Market Price (21.08.2022) | Dividend | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | 2021 | 2020 | 2019 | 2018 |
| IFAD Autos Ltd. | 25 | 47 | 11% | 11% | 10% | 32% |
| BBS CABLES Ltd. | 10 | 52 | 15% | 20% | 20% | 25% |
| Nahee Aluminium Composite Panel Ltd. | 10 | 71 | 10% | 15% | 15% | 17% |
| Sea Pearl Brach Resort & Spa Ltd. | 10 | 59 | 1% | 1% | 5% | N/A |
| New Line Clothings Ltd. | 10 | 45 | 12.5% | 10% | 10% | N/A |
| Taufika Foods and Agro Industries Ltd. | 10 | 40 | 11% | N/A | N/A | N/A |

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

বিগত ১৩ জানুয়ারি ২০২২ "আলোচিত সংবাদ" নামক একটি অনিবন্ধিত, নামসর্বস্থ Online Newspaper **"বানকোর ইস্যুকৃত কোম্পানীগুলোতে ইস্যু ম্যানেজার হামদুলের প্রায় ৩৫ লাখ অবৈধ প্লেসমেন্ট শেয়ার"** শিরোনামে আপত্তিকর,অসত্য সংবাদ প্রকাশ করে শুধু আমার সুনামহানি করেনি বরং আমাকে সামাজিক, পারিবারিক ও আর্থিকভাবে অনাকাংখিত বিরূপ ও বিড়ম্বনাকর পরিস্থিতিতে ফেলেছে। সংবাদ প্রকাশের পূর্বে আমার কোন মতামত বা সংবাদপত্রের নিয়মনীতির তোয়াক্কা না করে সংবাদের আদলে উদ্দেশ্য প্রনোদিত ভাবে ব্যক্তিগত অসৎ আর্থিক চাহিদা পূরণ না হওয়ায় ও স্বার্থনেষী মহলের প্ররোচনায় আমার নামে মিথ্যাচার করে। উল্লেখ্য যে, উক্ত নামসর্বস্থ সংবাদিক আমার অফিস কলিগদের কাছে টাকা দাবি করে না পেয়ে আমার নামে মিথ্যা, মানহানিকর ও কুৎসম্পূর্ণ সংবাদ ছেপেছে। উপরোক্ত সংবাদের ভিত্তিতে BSEC আমার বিরুদ্ধে তদন্ত কমিটি গঠন করে (সুত্র নং BSEC/SRI/MB-40/2009/1352) এবং তদন্ত কমিটি আমার বিরুদ্ধে তিনটি অভিযোগ আনয়ন করা হয়।

**অভিযোগ-০১: Allowing relatives to hold placement shares.**

Banco Finance and Investment Limited ইস্যু ম্যানেজার এবং আমি Issue Manager এর MD হিসেবে দায়িত্ব পালনকালে নিম্নোক্ত ৪ (চার) টি কোম্পানীর Capital Raising কিছু শেয়ার আমার আত্নীয়স্বজন ক্রয় করেছে। কোম্পানীগুলো নিম্নরূপ:

(1) BBS Cables Ltd.
(2) Nahee Aluminium Composite Panel Ltd.
(3) Sea Pearl Beach Resort & Spa Ltd.
(4) Taufika Foods and Agro Industries Ltd

আমার জানামতে আত্নীয়স্বজনরা যে সময় উপরোক্ত শেয়ার ক্রয় করেছে তখন, এমনকি বর্তমানেও IPO Rules এ তাদের শেয়ার ক্রয় সংক্রান্ত কোন আইনি নিষেধ বা বাধা নেই, তাছাড়া তারা সবাই Independent ব্যক্তি ও দেশের অন্যান্য মানুষের মত তাদেরও শেয়ার ব্যবসা করার অধিকার রয়েছে । তারা তাদের নিজস্ব জ্ঞান, প্রজ্ঞা ও তহবিল দিয়ে ঝুকি নিয়ে শেয়ার ক্রয় করেছে।

Banco Finance and Investment Limited কর্তৃক Issue Manager হিসেবে উল্লেখিত ৪ (চার) টি কোম্পানীর বিবরন নিম্নোরূপ:

| Issuer Name | SEC Consent Date for Capital Raising | Paid Up Capital (Crore) | No. of Share | No. of Share Holder (Except Directors) | Issue Manager of Capital Raising | Issue Manager of IPO |
|---|---|---|---|---|---|---|
| BBS Cables Ltd. | 11.04.2016 | 100 | 100,000,000 .00 | 91 | BFIL | BFIL |
| Nahee Aluminium Composite Panel Ltd. | 21.09.2015 | 33 | 33,000,000.00 | 28 | BFIL | BFIL |
| Sea Pearl Beach Resort & Spa Ltd. | 05.12.2017 | 100 | 100,000,000 .00 | 56 | Another Issue Manager | BFIL |
| Taufika Foods and Agro Industries Ltd | 28.05.2019 | 55 | 55,000,000.00 | 09 | Capital Raised by Company Its self | BFIL |

(1) BBS Cables Ltd. capital raising এর শেয়ার ক্রয় করেছে ৯১ জন শেয়ারহোল্ডার (Except Directors)
(2) Nahee Aluminium Composite Panel Ltd. capital raising এর শেয়ার ক্রয় করেছে ২৮ জন শেয়ারহোল্ডার (Except Directors)
(3) Sea Pearl Beach Resort & Spa Ltd. এর capital raising এর শেয়ার ক্রয় করেছে ৫৬ জন শেয়ারহোল্ডার
(4) Taufika Foods and Agro Industries Ltd. capital raising এর শেয়ার ক্রয় করেছে ০৯ জন শেয়ারহোল্ডার

উপরোক্ত কোম্পানীগুলোর শেয়ারহোল্ডারদের মধ্যে অনেকেই আমার পূর্ব পরিচিত এবং প্রায় অনেকেই আমার সাথে যোগাযোগ/পরামর্শ করে শেয়ার ক্রয় করেছে । তাছাড়া Sea Pearl Beach Resort & Spa Ltd. and Taufika Foods and Agro Industries Ltd. এর capital raising বাঙ্কো ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমেটেড এর মাধ্যমে হয়নি । Sea Pearl Beach Resort & Spa Ltd. এর capital raising শেয়ারের অর্থ উত্তোলন অন্য একটি ইস্যু ম্যানেজারের মাধ্যমে হয়েছে এবং Taufika Foods and Agro Industries Ltd. এর capital raising কোম্পানী নিজেরাই করেছে এবং অর্থ (Capital) উত্তোলনের পর আমাদের কোম্পানীর সাথে ইস্যু ব্যবস্থাপনার চুক্তি সম্পাদন করে। উক্ত ২টি কোম্পানীর বাঙ্কো ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমেটেড এর সাথে চুক্তি সম্পাদন এর তারিখ যথাক্রমে ০৩.০৫.২০১৮ এবং ২৩.১০.২০১৯ ।

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


As per BSEC (Public Issue) Rules-2015 এর 3(2)(d) বলা হয়েছে - "the Issue manager is no way connected with the issuer not does hold any of its securities"

Subsequently the notification no. BSEC/CMRRCD/2003-109/200/admin/dated 18 June 2017, published in Bangladesh Gazette on 06 July 2017 amended the rule 3(2)(d) I – " the issue manager or any of its connected persons is no way connected with the issuer or any of its connected person, does not hold any securities there of "

According to 2(j) of the BSEC (Public Issue) Rules-2015 Issue manager means –" Issue manager means a merchant banker as defined in the সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার ) বিধিমলা ১৯৯৬ and for issuer of units of any fund , asset manager as defined im the rules concerned.

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমলা ১৯৯৬ এর ২(এ) ধারা অনুসারে
" মার্চেন্ট ব্যাংকার অর্থ এমন ব্যক্তি যিনি এই বিধিমালার অধীন করপোরেট উপদেষ্টা, পোর্টফোলিও ম্যানেজার, অবলেখক এবং ইস্যু ব্যবস্থাপক হিসেবে যাবতীয় কাজ করার জন্য নিবন্ধন সনদ প্রাপ্ত হইয়াছেন "

২ (ঝ) অনুসারে

"ব্যক্তি অর্থে কোম্পানী, সংবিধিবদ্ধ সংস্থা [কমিশন কর্তৃক অনুমোদিত অন্য কোন প্রতিষ্ঠানও] অন্তর্ভুক্ত হইবে "

২ (ট) অনুসারে

"সার্টিফিকেট অর্থ এই বিধিমালার অধীন কমিশন কর্তৃক ইস্যুকৃত মার্চেন্ট ব্যাংকার বা ক্ষেত্রমতে পোর্টফোলিও নিবন্ধন সনদপত্র "

অতএব উপরোক্ত Securities and Exchange Commission কর্তৃক rules গুলো পর্যালোচনা করলে ইহা স্পষ্টভাবেই প্রতিয়মান হয় যে Issue manager হচ্ছে Banco Finance and Investment Limited এবং আমার জানা মতে connected persons of Issue manager means ইস্যু ম্যানেজরের Board of Directors, Subsidiaries or associates, staff and employees.

আমি মোহাম্মদ হামদুল ইসলাম Issue manager নই সুতরাং আমার আত্নীয়স্বজন Issue manager এর connected person হিসেবে গন্য হওয়ার কোন সুযোগ নেই ।

তাই এটা নি:সন্দেহে বলা যায় যে এখানে আমার আত্নীয়স্বজন দ্বারা capital raising before IPO শেয়ার করাতে Bangladesh Securities and Exchange Commission (IPO Issue) Rules-2015 এর 3(2)(d) বা অন্য কোন SEC Rules ভঙ্গ হয়নি ।

**অভিযোগ-০২. Allowing Margin facility to relatives.**

Margin loan means the process of financing arrangement by the registered entity to its client to facilities the acquisition or holding of marginable securities.

আমার আত্নীয়রা Banco Finance and Investment Limited এর Regular BO Client এবং যথাক্রমে তাদের BO A/C Opening date হচ্ছে:

| ক্রমিক নং | নাম | কোড নং | বিও একাউন্ট খোলার তারিখ |
|---|---|---|---|
| ০১ | সাহিদা আরাবি | (I281) | ২৫.০৭.২০১৩ |
| ০২ | মো: আব্দুস সুলতান | (I287) | ০৯.০৭.২০১৫ |
| ০৩ | কাজী এমদাদুল হক | (I307) | ১৯.০৩.২০১৭ |
| ০৪ | মো: সাইফুল ইসলাম হেলালি | (I312) | ২৫.০৪.২০১৭ |
| ০৫ | হোসনে আরা বেগম | (I496) | ০২.০২.২০২১ |

আমার আত্নীয়দের শেয়ার লেনদেন ও Ledger balance পর্যালোচনা করলে সহজেই প্রতিয়মান হয় যে তাহারা কখনোই কোম্পানীর Margin Client ছিলনা বরং তাদের Bo A/C এ সবসময় available fund থাকতো ।

(1) হোসনে আরা বেগম এর Debit Ledger balance TK. 950/- যা, A/C Opening Change TK. 500/- & BO Yearly Charge Tk. 450/- দুটো মিলে TK. 950/- যা কোন শেয়ার লেনদেন এ সৃষ্টি হয়নি ।


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd

(2) কাজী এমদাদুল হক Bo A/C পর্যালোচনা করলে দেখা যায় যে, 30/09/2017 তারিখে তার Bo A/C এ টাকা ছিল, কিন্তু 03/10/2017 তারিখে একটি IPO Subscription TK. 5000/- করার ফলে TK. 4773/- Ledger balance Debit হয় । প্রকৃতপক্ষে উক্ত IPO Subscription করার পূর্বেই তার পূর্ববর্তী IPO Subscription Fund Refund (TK.5000) আসে যা আমাদের Public Issue IPO Application Account একাউন্টে তার পূর্বেই জমা হয় যা আমাদের Consolidated Customer Bank Account এ জমা হয়েছিল 04/10/2017 এবং তা 10/10/2017 তারিখে তার Ledger balance এ Posting দেয়া হয়। প্রকৃতপক্ষে উক্ত সময়ে তার Bo A/C এ Credit balance ছিল ।

(3) মো: সাইফুল ইসলাম হেলালির Bo A/C G 10/03/2020 Debit balance এর কারণ শেয়ার ক্রয় করার পর যা পরবর্তী লেনদেনের তারিখেই (১দিন পর) Adjustment করা হয় ।

(4) মো: আব্দুস সুলতান এর Bo A/C Ledger balance এ 30/09/2017 I 31/12/2017 উভয় তারিখেই Available balance ছিল। কিন্তু পোর্টফোলিও ম্যানেজমেন্ট ফি যথাক্রমে (TK.126,352/- ও TK.229,359/-) ধার্য করার ফলে Debit balance যথাক্রমে (TK.97,165/- ও TK.184,968/-) প্রদর্শিত হয়, যাহাতে প্রতিয়মান হয় যে প্রদর্শিত Debit balance কোন Margin ঋন সুবিধা প্রদানের কারণে হয়নি। 10/06/2018 ইং তারিখে প্রায় ৬ লক্ষ debit balance হওয়ার কারন শেয়ার ক্রয় করার পর ভুল বশত adjustment করা হয়নি এবং যখন তা নজরে আসে তখনই তা sell করে adjustment করা হয়েছে ।

অভিযোগ-০৩: **No Communication with the inquiry team after returning from India.**

আমি সর্বদাই Enquiry কমিটিকে সহযোগীতা করেছি । তারা মৌখিক বা লিখিত ভাবে যখন ডেকেছেন তখনই আমি উপস্থিত হয়েছি বা তাদের কাঙ্খিত ডকুমেন্টস সরবারহ করেছি । তদন্ত কমিটির মৌখিক নির্দেশ ক্রমে কয়েকবার (৪-৫ বার) আমি শুনানিতে উপস্থিত হই এবং নির্দেশিত সকল ডকুমেন্ট মার্চ মাসের ৩য় সপ্তাহের মধ্যে প্রদান করেছিলাম। আমার স্ত্রীর অসুস্থতাজনিত কারনে আমার দেশের বাহিরে যাবার প্রয়োজন হলে কর্তৃপক্ষকে আমি মৌখিক ও লিখিতভাবে অবহিত করেছিলাম। ফিরে এসে যোগাযোগ করার জন্য কোন প্রকার লিখিত বা মৌখিক নির্দেশনা না থাকার কারনে যোগাযোগ করা হয়নি (সংযুক্তি)। আমি সবসময় Enquiry কমিটিকে পূর্ণ সহযোগীতা করার জন্য সচেষ্ট ছিলাম এবং আছি।

অতএব, আমার উপস্থাপিত ব্যাখ্যা যথাযথভাবে মূল্যায়ন পূর্বক অনভিপ্রেত অভিযোগ থেকে অব্যাহতি দিয়ে বাধিত করবেন ।.”

যেহেতু, Mohammad Hamdul Islam সেপ্টেম্বর ১১, ২০২১ ইং তারিখের পত্রের মাধ্যমে উল্লিখিত ব্যর্থতা তথা বিধি বিধান লংঘন সংক্রান্ত অভিযোগের বিষয়ে যে লিখিত ব্যাখ্যা প্রদান করেছে তা কমিশনের নিকট গ্রহনযোগ্য বলে বিবেচিত হয়নি এবং Mohammad Hamdul Islam এর উক্ত লংঘন ইচ্ছাকৃত;

যেহেতু, সিকিউরিটিজ সংক্রান্ত উল্লিখিত আইন ও উহার অধীন জারিকৃত বিধি-বিধান পরিপালনে Mohammad Hamdul Islam এর উক্তরূপ ব্যর্থতা Section 22 of the Securities and Exchange Ordinance, 1969 এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা ১৮ এর অধীন শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন পরিপালনে উল্লিখিত ব্যর্থতার জন্য, তথা পুঁজিবাজারের উন্নয়নের পাশাপাশি বাজারের শৃংখলা ও স্বচ্ছতা রক্ষার স্বার্থে Mohammad Hamdul Islam কে জরিমানা করা প্রয়োজন ও সমীচীন;

অতএব, সেহেতু, কমিশন, উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015 এর বিধি 3(2)(d) লংঘনের জন্য , Section 22 of the Securities and Exchange Ordinance, 1969 এ প্রদত্ত ক্ষমতাবলে Mohammad Hamdul Islam এর উপর ১০,০০,০০,০০০.০০ (দশ কোটি) টাকা জরিমানা ধার্য করল যা অত্র আদেশের তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ‘বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন’ এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে কমিশনে জমা করতে হবে। এছাড়া Md.Hamdul Islam কে পুঁজি বাজার সংশ্লিষ্ট সকল ধরনের কার্যক্রম থেকে আগামী ৫ (পাঁচ) বছর নিষিদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

মো: আবদুল হালিম
কমিশনার

বিতরন:
**মোহাম্মদ হামদুল ইসলাম**
**ব্যবস্থাপনা পরিচালক/সিইওঃ ব্যাংকো ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি:**